প্রথম আলো

তারিখ NOV. 03, 2006
পৃষ্ঠা ১৫ কলাম ২

### জাতীয় শিক্ষক ফ্রন্টের সংবাদ সম্মেলন

# শিক্ষাপ্রতিষ্ঠান থেকে সাংসদ ও রাজনীতিকদের অপসারণ দাবি

নিজস্ব প্রতিবেদক

জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট জোট সরকারের আমলে গঠিত বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার পরিচালনা কমিটি থেকে এক সপ্তাহের মধ্যে দলীয় সাংসদ ও রাজনৈতিক ব্যক্তিদের অপসারণ দাবি করেছে। পরিচালনা কমিটির সভাপতি হিসেবে জেলা প্রশাসক বা উপজেলা নির্বাহী কর্মকর্তাকে (ইউএনও) দায়িত্ব দেওয়ার জন্য ফ্রন্টের নেতারা তত্ত্বাবধায়ক সরকারের কাছে অনুরোধ জানান।

গতকাল বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। এ সময় লিখিত বক্তব্য পাঠ করেন ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ।

লিখিত বক্তব্যে জোট সরকারের শেষ মুহূর্তে দেওয়া দুটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন এবং আটটি বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার এমপিওভুক্তি বাতিলের দাবি জানানো হয়। এর পাশাপাশি শিক্ষা মন্ত্রণালয়ে বিভিন্ন দুর্নীতি, [illegible]

শিক্ষামন্ত্রী, শিক্ষা প্রতিমন্ত্রী এবং সাবেক শিক্ষাসচিব শহীদুল আলমকে দায়ী করা হয়।

ফ্রন্টের নেতারা জাতীয় নির্বাচন অবাধ ও সুষ্ঠু করার জন্য জাতীয় স্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার অনুরোধ জানিয়ে জাতীয় ঐকমত্যের ভিত্তিতে নির্বাচন কমিশন পুনর্গঠনের দাবি জানান।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ফ্রন্টের নেতা মোহাম্মদ আজিজুল ইসলাম, আসাদু[l] হক, অধ্যক্ষ এম এ সাত্তার, এস এম এ জলি[l] অধ্যক্ষ মোহাম্মদ আলী চৌধুরী, বিলকি[s] জামান, এম আবদুস প্রমুখ।